

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাআ গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ৩/২০১৭

তারিখ : ৩০- ১২-২০ ১৬

কনভেনেন্স প্রাইমারী ইউনিট, ওয়েবকুটি/ জেলা সম্পাদক

কলেজ/বিশ্ববিদ্যালয়

জরুরী সার্কুলার

প্রিয় সাথী,

আগামী ৭ জানুয়ারি ২০ ১৬, রাজ্য সরকারের শিক্ষা দপ্তর আয়োজিত ‘শিক্ষক কনভেনশন’ সম্পর্কে কিছু বিষয় আপনাদের অবহিত করা প্রয়োজন বলে মনে করছি।

গত ২০ ডিসেম্বরের সার্কুলারে আমরা জানিয়েছিলাম ঐ কনভেনশনে যাওয়া এবং আমাদের মতামত জানানোর জন্য কর্মসমিতি সর্বসম্মত সিদ্ধান্ত নিয়েছে। তদনুযায়ী আপনাদের প্রয়োজনীয় উদ্যোগ নিতে অনুরোধ করেছিলাম।

এই প্রসঙ্গে রাজ্য সরকারের যে চিঠি আমরা পেয়েছিলাম তাতে পরিষ্কার লেখা ছিল, ‘**The Convention will provide a platform for deliberation before the State's education system and possible strategies to actualize the common goal of establishing West Bengal as a Higher Education Hub'**। এই চিঠির ব্যানের সঙ্গে সঙ্গতি রেখে আমরা সমিতির বক্তব্য **Memorandum** আকারে প্রস্তুত করছিলাম যা ঐদিন বক্তব্য পেশ করবার পর মাননীয়া মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম।

কিন্তু গতকাল মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে আমরা জানতে পেরেছি ঐদিন অর্থাৎ ৭ জানুয়ারি কনভেনশনে আমরা অধ্যাপক সমিতি কোন বক্তব্য রাখা বা মুখ্যমন্ত্রীর হাতে স্মারকলিপি দেওয়ার সুযোগ পাব না। এমতাবস্থায় আমরা খানিকটা হতাশ হয়ে আমাদের পূর্বেকার গৃহীত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আগামী ৫ জানুয়ারি ২০ ১৭ কর্মসমিতির জরুরী সভা ডেকেছি। আপনাদের কাছে অনুরোধ সমিতি এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত আপনারা ঐদিনের কনভেনশনে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া থেকে বিরত থাকবেন। অথবা ভয় পাওয়ার কোন কারণ নেই। আমাদের **Service Rule** অনুযায়ী এধরণের কোন অনুষ্ঠানে যাওয়া আদৌ বাধ্যতামূলক নয়। সরকারি সার্কুলারেও এমন কোন উল্লেখ নেই। এতদসত্ত্বেও কোন সহকর্মী বঙ্গু যদি ঐ কনভেনশনে না যাওয়ার কারণে সরকারি ভাবে হয়রাণির শিকার হ'ন তাহলে সমিতি সর্বতোভাবে তার পাশে থাকবে। ইতিমধ্যে কিছু অধ্যক্ষ অতি সক্রিয় হয়ে আপনাদের ওপর মানসিক চাপ সৃষ্টি করার চেষ্টা করছেন বলে জানতে পেরেছি। আপনারা এধরণের কোন প্রোচনার ফাঁদে পা না দিয়ে অপেক্ষা করুন।

৯০ বছর অতিক্রান্ত এই সমিতির ঐতিহ্যকে মাথায় রেখে আমরা অতি দ্রুত ৫ তারিখের কর্মসমিতিতে গৃহীত সিদ্ধান্ত আপনাদের ওয়েবসাইট ও সংবাদমাধ্যমের সাহায্যে জানানোর চেষ্টা করব।

অভিনন্দন সহ

শ্রীতিরাজ প্রহরাজ

(শ্রীতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক